

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
নিরীক্ষা অধিশাখা  
www.shed.gov.bd

স্মারকনং- ৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৭ -৪৪১

তারিখঃ ১২ পৌষ ১৪২৪  
২৬ ডিসেম্বর ২০১৭

পরিপত্র

বিষয়: শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন।

সরকার মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে আবেদন ফরম ও ভর্তি ফি আদায়ে সরকারি নির্দেশনা অনুসরণের জন্য পরিপত্র নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫, তারিখ ০৬ জুলাই ২০১৪; ১৫ নভেম্বর ২০১৭ তারিখ ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-১১৮২ নং স্মারকে “সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা” এবং ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬.১১১৫ নং স্মারকে “বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা” জারি করিয়াছে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বর্ণিত পরিপত্র ও নীতিমালার নির্দেশনাসমূহ অনুসরণ করিতে হইবে। নির্দেশনার ব্যত্যয় ঘটাইয়া শিক্ষার্থীদের নিকট হইতে অতিরিক্ত অর্থ আদায় কোনক্রমেই গ্রহণযোগ্য হইবে না। সরকারি নির্দেশনা প্রতিপালনপূর্বক আর্থিক স্বচ্ছতা নিশ্চিতকরণক্রমে যথাযথ প্রক্রিয়ায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে সরকার নিম্নরূপ অনুশাসন জারি করিল:

১. শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অন্যান্য প্রক্রিয়াসহ সকল আর্থিক কার্যক্রমে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট নীতিমালা/পরিপত্রের নির্দেশনাসমূহে আবশ্যিকভাবে অনুসরণ করিতে হইবে।
২. ভর্তির আবেদন ফরম বাবদ বর্ণিত নীতিমালা মোতাবেক সরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ১৭০ (একশত সত্তর) টাকা এবং বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ২০০ (দুইশত) টাকা গ্রহণ করা যাইবে।
৩. ভর্তি ফি ও সেশন চার্জ বাবদ সরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে পরিপত্র নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫, তারিখ ০৬ জুলাই ২০১৪ এর তফসিল খ এবং প্রযোজ্য অনুচ্ছেদসমূহ এবং বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬.১১১৫ নং স্মারকে জারিকৃত “বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা” এর অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ খ, গ, ঘ ও ঙ আবশ্যিকভাবে অনুসরণ করিতে হইবে।
৪. ভর্তি প্রক্রিয়ায় আয়-ব্যয়ের সকল হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং ৩১ জানুয়ারির মধ্যে স্ব স্ব শিক্ষা বোর্ডে দাখিল করিতে হইবে।
৫. সরকারি নির্দেশনার ব্যত্যয় ঘটাইয়া অতিরিক্ত অর্থ আদায় করা হইলে তাহা গুরুতর আর্থিক অনিয়ম হিসাবে বিবেচিত হইবে এবং ইহার জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে।
৬. কোনক্রমেই একাডেমিক কাউন্সিলের বা সংশ্লিষ্ট কোন কমিটির অনুমোদন নিয়া খাত বহির্ভূত ব্যয় বা নির্ধারিত ব্যয় সীমা অতিক্রম করা যাইবে না।


স্বাক্ষরিত/২৬.১২.২০১৭

(আহমদ শামীম আল রাজী)  
যুগ্ম সচিব (নিরীক্ষা ও আইন)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়



অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে, কোন প্রতিষ্ঠান সরকারি আদেশ অমান্য করিলে তাহা মন্ত্রণালয়ে অবহিত করার অনুরোধ সহ (বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২. বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)
৩. জেলা প্রশাসক (সকল)
৪. চেয়ারম্যান (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/রংপুর অঞ্চল
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
১০. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/রংপুর অঞ্চল
১১. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা) .....
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা) .....
১৩. অধ্যক্ষ, .....
১৪. প্রধান শিক্ষক, .....

  
২৬.১২.২০১৭

(মো: রাহেদ হোসেন)  
সিনিয়র সহকারী সচিব